রেজিস্টার্ড নং ডি এ-১


# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

বৃহস্পতিবার, ডিসেম্বর ৮, ১৯৮৮


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সংস্থাপন মন্ত্রণালয়

**অভ্যন্তরীণ প্রশিক্ষণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

**ঢাকা, ২৪শে অগ্রহায়ণ, ১৩৯৫/৮ই ডিসেম্বর, ১৯৮৮**

**নং এস, আর, ও ৩৬৪-আইন/৮৮**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদ-এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদ-এর বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরোনাম**—এই বিধিমালা বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমী (অফিসার ও কর্মচারী) নিয়োগবিধি, ১৯৮৮ নামে অভিহিত হইবে।

২। **সংজ্ঞা**—বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "একাডেমী" বলিতে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) একাডেমীকে বুঝাইবে;

(খ) "কমিশন" বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে;

(গ) "কমিটি" বলিতে একাডেমীর/বিভাগীয়/পদোন্নতি এবং অথবা বাছাই কমিটি বুঝাইবে;

(ঘ) "তফসিল" বলিতে এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলকে বুঝাইবে;

(ঙ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" বলিতে সরকার বুঝাইবে এবং কোন নির্দিষ্ট পদে (এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত) নিয়োগদানের উদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন অফিসার ইহার অন্তর্ভুক্ত হইবে;



মূল্যঃ ১০ পয়সা

(চ) "প্রয়োজনীয় যোগ্যতা" বলিতে তফসিলে বর্ণিত কোন নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে ;

(ছ) "শিক্ষানবিস" বলিতে কোন শূন্য নির্দিষ্ট পদে শিক্ষানবিস হিসাবে নিযুক্ত কোন ব্যক্তিকে বুঝাইবে ;

(জ) "স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং (এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে) সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন বিশ্ববিদ্যালয়ও ইহার অন্তর্ভুক্ত হইবে ; এবং

(ঝ) "স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড" বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা অধীনে প্রতিষ্ঠিত কোন শিক্ষা বোর্ডকে (ইন্টারমিডিয়েট এন্ড সেকেন্ডারী এডুকেশন) বুঝাইবে এবং সরকার কর্তৃক এতদুদ্দেশ্যে স্বীকৃত অন্য কোন শিক্ষা বোর্ডও ইহার অন্তর্ভুক্ত হইবে।

৩। **নিয়োগ পদ্ধতি**—(১) তফসিলে বর্ণিত বিধানসমূহ এবং কোটা সংরক্ষণ সম্পর্কিত নির্দেশাবলী সাপেক্ষে, কোন নির্দিষ্ট পদে নিম্ন-বিধৃত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবেঃ

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে ;

(খ) পদোন্নতির মাধ্যমে ; অথবা

(গ) প্রেষণে বদলীর মাধ্যমে।

(২) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা যাইবে না, যদি তজ্জন্য প্রয়োজনীয় যোগ্যতা তাহার না থাকে এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ**—(১) ১৯৭৯ সনের বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পরামর্শ) প্রবিধিসমূহের বিধান সাপেক্ষে কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা চলিবে না ;

(২) কমিশনের আওতা বহির্ভূত কোন নির্দিষ্ট পদে একাডেমীর বিভাগীয় বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কোন ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না;

(৩) কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য কোন ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি,—

(ক) বাংলাদেশের নাগরিক না হন, অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন, অথবা বাংলাদেশের নিবাসী না হন ; অথবা

(খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন ;

(৪) কোন ব্যক্তিকে নির্দিষ্ট কোন পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি না—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড অথবা ক্ষেত্র বিশেষে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা উক্ত পদের দায়িত্ব পালনে কোন ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কার্যকলাপ যথাযোগ্য সংস্থার মাধ্যমে তদন্তের ফলে দেখা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিযুক্তির জন্য তিনি উপযুক্ত ;

(৫) কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কিংবা একাডেমী কর্তৃক দরখাস্ত আহবানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিসহ যথাযথ ফরমে ও নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন ; এবং

(খ) সরকারী চাকুরী কিংবা কোন স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকা সত্বেও স্বীয় ঊর্ধতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**ঃ—

(১) এতদ্‌উদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত বিভাগীয় পদোন্নতি কমিটি/এস, এস, বি-এর সুপারিশের ভিত্তিতে নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে। তবে শর্ত থাকে যে, প্রারম্ভিক ২য় শ্রেণীর এবং প্রারম্ভিক ১ম শ্রেণীর গেজেটেড পদে কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতি দ্বারা নিয়োগ প্রদান করিতে হইবে ;

(২) যদি কোন ব্যক্তির চাকুরীর বৃত্তান্ত/বার্ষিক গোপনীয় প্রতিবেদন সন্তোষজনক না হয় তাহা হইলে তিনি নির্দিষ্ট পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিস**—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিস হিসাবে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, বাস্তব নিয়োগের তারিখ হইতে দুই বৎসরের জন্য ; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য, নিয়োগ করা হইবেঃ

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া উক্ত শিক্ষানবিসীর মেয়াদ এক বা একাধিক কারণে এইরূপ সম্প্রসারণ করিতে পারেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে দুই বৎসরের অধিক না হয়;

(২) যে ক্ষেত্রে কোন শিক্ষানবিসের শিক্ষানবিসী মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাহার কর্মদক্ষ হওয়ার সম্ভাবনা নাই, সেই ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিসের চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন ;

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন ;

(৩) শিক্ষানবিসীর মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সমাপ্ত হওয়ার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিসীর মেয়াদ চলাকালে কোন শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল, তাহা হইলে (৪) উপ-বিধির বিধান সাপেক্ষে, তাহাকে চাকুরীতে স্থায়ী করিবেন ; এবং

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিসের আচরণ ও কাজকর্ম সন্তোষজনক ছিল না তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাহার চাকুরীর অবসান ঘটাইতে পারিবেন, এবং

(আ) পদোন্নতির ক্ষেত্রে, তাহাকে যে পদ হইতে পদোন্নতি দেওয়া হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৪) কোন শিক্ষানবিসকে কোন নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না যতক্ষণ না তিনি নিয়োগকারী কর্তৃপক্ষ/একাডেমীর আদেশবলে সময়ে সময়ে যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করিবে, সেই পরীক্ষায় উত্তীর্ণ হন ও প্রশিক্ষণ গ্রহণ করেন।

**তফসিল**

| ক্রমিক নং | নির্দিষ্ট পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়স সীমা। | নিয়োগ পদ্ধতি | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | মহা-পরিচালক | .. | প্রেষণে সিনিয়র সার্ভিস পুলের অতিরিক্ত সচিব অথবা সমমর্যাদা সম্পন্ন পদধারী অফিসারের নিয়োগ দ্বারা। | |
| ২ | পরিচালক | .. | (১) ৩৩% উপ-পরিচালকগণের মধ্যে হইতে পদোন্নতির মাধ্যমে।] | পদোন্নতির জন্য: উপ-পরিচালক পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (২) ৬৭% এন, এন, এস টাকা ৩৭০০—৪৮২৫ স্কেলের বাংলাদেশ সিভিল সার্ভিস বা সিনিয়র সার্ভিস পুলের অফিসারগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | প্রেষণে বদলিতে নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক ডিগ্রী অথবা স্নাতকোত্তর ডিপ্লোমা/সার্টিফিকেটপ্রাপ্ত এবং প্রথম শ্রেণী/পদে ১০(দশ) বৎসরের চাকুরীসহ জেলা প্রশাসন/সচিবালয়ের কাজে অভিজ্ঞতা। |
| ৩ | (ক) উপ-পরিচালক (প্রশাসন ও সেবা)/ (লোক প্রশাসন ও ব্যবস্থাপনা)/ (আইন ও রাজস্ব)/ (পরিকল্পনা ও উন্নয়ন)। | .. | (১) ২৫% সহকারী পরিচালক/প্রকাশনা অফিসার/গবেষণা অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ৪র্থ কলামে উল্লেখিত পদে বা পদসমূহে কমপক্ষে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| | | | (২) ৭৫% এন, এন, এস টাকা ২৮০০—৪৪২৫ স্কেলের বাংলাদেশ সিভিল সার্ভিস অফিসারগণের মধ্য হইতে প্রেষণে বদলির মাধ্যমে। | প্রেষণে বদলির জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতক অথবা স্নাতকোত্তর ডিপ্লোমা সার্টিফিকেট প্রাপ্ত এবং সেই সংগে প্রথম শ্রেণীর পদে কমপক্ষে ৫(পাঁচ) বৎসরের চাকরীসহ জেলা প্রশাসন/সচিবালয়ের কাজে অভিজ্ঞতা। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| | (খ) উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা)। | সর্বোচ্চ ৪০ বৎসর | (১) সহকারী পরিচালক/গবেষণা অফিসার/প্রকাশনা অফিসারগণের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ৪র্থ কলামে উল্লেখিত পদে বা পদসমূহে কমপক্ষে ৭(সাত) বৎসরের চাকরীর অভিজ্ঞতা। |
| | | | (২) পদোন্নতির জন্য যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, সাংবাদিকতা অথবা পরিসংখ্যান বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী, অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রী সহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী এবং গবেষণা ও প্রকাশনা কাজে কমপক্ষে ৭(সাত) বৎসরের অভিজ্ঞতা। |
| ৪ | সহকারী পরিচালক॥ | ১৮—২৭ বৎসর | (১) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, লোক প্রশাসন, রাষ্ট্রবিজ্ঞান অথবা ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| | | | (২) ৫০% বাংলাদেশ সিভিল সার্ভিস এর বা সমমর্যাদা ও বেতন স্কেলভুক্ত অন্য কোন অফিসারের প্রেষণে বদলির মাধ্যমে। | প্রেষণে বদলি নিয়োগের জন্য: কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে মাষ্টার্স ডিগ্রী। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৫ | গবেষণা অফিসার | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে অর্থনীতি, পরিসংখ্যান, লোক প্রশাসন, রাষ্ট্রবিজ্ঞান অথবা ব্যবস্থাপনা বিষয়ে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর অনার্স ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৬ | প্রকাশনা অফিসার | ঐ | ঐ | কোন স্বীকতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে ভাষা, সাংবাদিকতা, গ্রন্থাগার বিজ্ঞানে প্রথম শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। অথবা দ্বিতীয় শ্রেণীর অর্নাসসহ দ্বিতীয় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ৭ | মেডিক্যাল অফিসার | ১৮—২৭ বৎসর | বাংলাদেশ সিভিল সার্ভিস(স্বাস্থ্য) এর সহকারী সার্জনদের মধ্য হইতে প্রেষণে বদলীর মধ্যমে। | সহকারী সার্জন হিসাবে ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৮ | গ্রন্থাগারিক | সর্বোচ্চ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কোন স্বীকতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে গ্রন্থাগার বিজ্ঞানে ২য় শ্রেণীর মাষ্টার্স ডিগ্রীসহ কোন বিশ্ববিদ্যালয়, পাবলিক লাইব্রেরী, সরকারী সংস্থায় গ্রন্থাগার ব্যবস্থাপনায় ৫(পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ৯ | হিসাব রক্ষণ অফিসার | .. | সি এণ্ড এজি কার্যালয়ের সমবেতন স্কেল এবং পদমর্যাদা সম্পন্ন অফিসারকে প্রেষণে বদলির মাধ্যমে। | |
| ১০ | ক্যাটালগার | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাসহ কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১ | সাঁটলিপিকার | .. | Stenographers and Stenograpists (Ministries, Division & Attached Departments) Recruitment Rules, 1978 এর অধীন (Stenographer) পদের জন্য প্রযোজ্য বিধি অনুসারে। | .. |
| ১২ | কেয়ারটেকার | সর্বোচ্চ ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | সংশ্লিষ্ট ক্ষেত্রে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। সেনাবাহিনীর শিক্ষাকোরের অবসরপ্রাপ্ত জুনিয়র কমিশন/নন-কমিশন অফিসারের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিল যোগ্য। |
| ১৩ | ভাণ্ডার রক্ষক | ঐ | ঐ | ঐ |
| ১৪ | উচ্চমান সহকারী | ঐ | (১) ৫০% সরাসরি নিয়োগের মাধ্যমে | সরাসরি নিয়োগের জন্য: করণীক কাজে ৩(তিন) বৎসরের অভিজ্ঞতাসহ কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| | | | (২) ৫০% নিম্নমান সহকারী-তথা-মুদ্রাক্ষরিক এর মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে। | পদোন্নতির জন্য: ৪র্থ কলামে উল্লেখিত পদে ৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা। |
| ১৫ | ফার্মাসিষ্ট | সর্বোচ্চ ৩৫ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | কোন স্বীকৃতি প্রাপ্ত ইনষ্টিটিউট হইতে কম্পাউণ্ডারশীপ সার্টিফিকেটসহ কোন স্বীকৃতি প্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। |
| ১৬ | সাঁট-মুদ্রাক্ষরিক | .. | Stenographers and Stenotypists (Ministries, Division and Attached Departments) Recruitment Rules, 1978-এর অধীন Stenotypist পদের জন্য প্রযোজ্য বিধি অনুসারে। | .. |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭ | ক্যাশিয়ার | ১৮—২৭ বৎসর | (১) হিসাব রক্ষণ সহকারী পদ হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির যোগ্য ব্যক্তি না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির জন্য হিসাব রক্ষণ সহকারী পদে (তিন) বৎসরের অভিজ্ঞতা।<br>সরাসরি নিয়োগের জন্য : কোন স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রী। বাণিজ্যে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৮ | ইলেকট্রিশিয়ান | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকার কর্তৃক অনুমোদিত টেকনিক্যাল ইনস্টিটিউট হইতে সার্টিফিকেট। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১৯ | নিম্নমান সহকারী তথা মুদ্রাক্ষরিক | | The L.D.-cum-Typist, Plain Paper Copier, Duplicating Machine Operator, Daftry, Despatch Rider and MLSS (Ministries, Divisions and Attached Departments) Recruitment Rules, 1985. | |
| ২০ | গ্রন্থাগারিক সহকারী তথা মুদ্রাক্ষরিক। | ১৮—২৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | কমপক্ষে উচ্চ মাধ্যমিক বা উহার সমমানের শিক্ষাগত যোগ্যতা। প্রতি মিনিটে মুদ্রাক্ষর লিখনের সর্বনিম্ন গতি ইংরেজীতে ৩০টি শব্দ এবং বাংলায় ২০টি শব্দ। |
| ২১ | হিসাব রক্ষণ সহকারী | ঐ | ঐ | কোন স্বীকৃতিপ্রাপ্ত শিক্ষা বোর্ড হইতে ২য় বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা উহার সমমানের সার্টিফিকেট। |
| ২২ | ড্রাইভার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ এবং মোটরযান চালনায় ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ অবশ্যই হালকা ও ভারী মোটরযান চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে। |
| ২৩ | দপ্তরী | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৪ | ডেসপ্যাচ রাইডার | ১৮—২৭ বৎসর | (১) এম এল এস এস দের মধ্য হইতে পদোন্নতির মাধ্যমে।<br>(২) পদোন্নতির যোগ্য কোন প্রার্থী না পাওয়া গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | পদোন্নতির ও সরাসরি নিয়োগের জন্য: ৮ম শ্রেণী পাশ এবং সাইকেল ও মোটর সাইকেল চালনায় অভিজ্ঞতাসহ মোটর সাইকেল চালনায় বৈধ লাইসেন্সপ্রাপ্ত হইতে হইবে |
| ২৫ | এম এল এস এস | ঐ | সরাসরি নিয়োগের মাধ্যমে | ৮ম শ্রেণী পাশ। |
| ২৬ | প্লাম্বার | ঐ | ঐ | অষ্টম শ্রেণী পাশ এবং সংশ্লিষ্ট ক্ষেত্রে সরকার অনুমোদিত টেকনিক্যাল ইনষ্টিটিউট হইতে সার্টিফিকেট এর অধিকারী। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৭ | সহকারী বাবুর্চী | ১৮—৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে | অষ্টম শ্রেণী পাশ এবং কোন খ্যাতনামা সংস্থায়/হোটেল অথবা কোন বেসরকারী প্রতিষ্ঠানে বা হোটেলে বা রেস্তোরায় রান্নার কাজে অবশ্যই ৩(তিন) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। |
| ২৮ | সিকিউরিটি গার্ড | ১৮–৩৫ বৎসর | ঐ | অষ্টম শ্রেণী পাশ। সেনাবাহিনী/আনসার/পুলিশ/বিডিআর এর অবসর প্রাপ্ত সদস্যকে অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ২৯ | এটেনডেন্ট | ১৮—২৭ বৎসর | ঐ | অষ্টম শ্রেণী পাশ। |
| ৩০ | মালী | ঐ | ঐ | ঐ |
| ৩১ | ঝাড়ুদার | ঐ | ঐ | ৫ম শ্রেণী পাশ বা ঝাড়ুদার সম্প্রদায়ের প্রার্থী। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ শামসুল হক চিশ্‌তী

সচিব

মোঃ সিদ্দিকুর রহমান, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
খোন্দকার মাহ্‌বুবুল করিম, ডেপুটি কন্ট্রোলার, বাংলাদেশ ফরমস্‌ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।